**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**নৌপরিবহন মন্ত্রণালয়**
**জাহাজ শাখা**
**বাংলাদেশ সচিবালয়ঢাকা**
**www.mos.gov.bd**

**বিষয় :** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন IMT সমূহ হতে পরিচালিত Diploma in Engineering (Marine Technology) এর গ্রাজুয়েটদের CDC প্রদানপূর্বক On-the-job প্রশিক্ষণের ব্যবস্থা এবং ইতঃপূর্বে ইস্যুকৃত COC Class-4 সনদসমূহ প্রত্যাহারপূর্বক STCW Convention এর প্রযোজ্য রেগুলেশন নম্বর উল্লেখ করে COC সনদ প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ.কে. এম শামিমুল হক ছিদ্দিকী<br>অতিরিক্ত সচিব (সংস্থা-১)<br>নৌপরিবহন মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৪-০১-২০২২ খ্রি.। |
| সময় | : | বেলা ১২.০০ টা। |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন IMT সমূহ হতে পরিচালিত Diploma in Engineering (Marine Technology) এর গ্রাজুয়েটদের CDC প্রদানপূর্বক On-the-job প্রশিক্ষণের ব্যবস্থা এবং ইতঃপূর্বে ইস্যুকৃত COC Class-4 সনদসমূহ প্রত্যাহারপূর্বক STCW Convention এর প্রযোজ্য রেগুলেশন নম্বর উল্লেখ করে COC সনদ প্রদান সংক্রান্ত প্রস্তাব পর্যালোচনার লক্ষ্যে আহূত এই সভা পরিচালনার জন্য উপসচিব জনাব মোঃ গোলাম রাব্বী কে অনুরোধ জানান। অতঃপর উপসচিব জনাব মোঃ গোলাম রাব্বী সভার কার্যপত্র পাঠ করে শোনান।

২। সভাপতি সভায় IMT সমূহ হতে পাশকৃত গ্রাজুয়েটদের ভর্তির যোগ্যতা ও কোর্সটি কত বছর মেয়াদী তা জানাতে চান। তৎপ্রেক্ষিতে মোহাম্মদ তকিউদ্দিন সাকি, সিনিয়র ইন্সট্রাক্টর, বি.আই.এম.টি, নারায়ণগঞ্জ জানান ভর্তির যোগ্যতা মাধ্যমিক পাশ, কোর্সটি ০৪ বছর মেয়াদী। পক্ষান্তরে নৌপরিবহন অধিদপ্তরের নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আহসান জানান যে, মেরিন একাডেমিগুলোতে ভর্তির যোগ্যতা উচ্চ মাধ্যমিক পাশ, কোর্সটি বর্তমানে ০৪ বছর মেয়াদী। পরবর্তীতে সভায় সভাপতি জানান যে, মেরিন একাডেমিসমূহ হতে পাশকৃত গ্রাজুয়েটদের যোগ্যতা আর IMT সমূহ হতে পাশকৃত গ্রাজুয়েটদের মধ্যে কারিকুলামগত ব্যবধান পরিলক্ষিত হচ্ছে। মেরিন ফিশারিজ একাডেমি ও মেরিন একাডেমির মধ্যে ঠিক যেভাবে দূরত্ব কমানো হচ্ছে, সেভাবেই তিনি মেরিন একাডেমির গ্রাজুয়েট ও আইএমটির গ্রাজুয়েটদের মধ্যে দূরত্ব কমানোর আশাবাদ ব্যক্ত করেন।

৩। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি ড. আনোয়ার হোসেন, উপসচিব সভায় বলেন যে, IMT হতে পাশকৃত গ্রাজুয়েটদের সিডিসি ও সিওসি পাওয়ার যোগ্যতা রয়েছে। তাদের সিডিসি ও সিওসি দেওয়া উচিৎ। এ পর্যায়ে সভাপতি জানান যে, নৌপরিবহন অধিদপ্তর আইএমওতে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে কাজ করছে।

তিনি আরো উল্লেখ করেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় আইএমওর সাথে আইএমটির গ্রাজুয়েটদের পেশাগত ভিত্তির সম্পর্কোন্নয়নে কাজ করতে চায়।

৪। সভাপতি সভায় উল্লেখ করেন যে, আমাদের দেশের মেরিন গ্রাজুয়েটগণ দেশি/বিদেশি জাহাজে সুনামের সাথে কাজ করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে। এই সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে আইএমটির গ্রাজুয়েটদের সিডিসি ও সিওসি প্রদানের লক্ষ্যে সিলেবাস, শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত সুবিধাদির উন্নয়ন ছাড়াও সমগ্র বিষয়টিকে ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করা যেতে পারে। এ ক্ষেত্রে প্রয়োজনে মেরিন একাডেমির সমপর্যায়ের সিলেবাস তৈরি করার বিষয়টিও

(অঃ পৃঃ দ্রঃ)

বিবেচনা করা যেতে পারে।

৫। সভায় মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর; উপ-মহাপরিচালক, বিএমইটি; প্রধান প্রকৌশলী, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা; পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; আইএমটির সিনিয়র ইন্সট্রাক্টর সভায় উল্লিখিত বিষয়ের উপর বক্তব্য রাখেন। সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সভায় সকল দিক পর্যালোচনান্তে IMT এর গ্রাজুয়েটদের CDC/COC সনদ প্রদানের ক্ষেত্রে অন্তরায় দূরীকরণের ক্ষেত্রে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায় সে সকল বিষয়ে সুপারিশ করার বিষয়ে সকল পক্ষকে নিয়ে একটি কমিটি গঠনের সুপারিশ করা হয়। প্রস্তাবিত কমিটির রূপরেখা নিম্নরূপ:

i) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, আহ্বায়ক।
ii) যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা, সদস্য।
iii) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, সদস্য।
iv) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর একজন প্রতিনিধি, সদস্য।
v) ক্যাপ্টেন আবু সাইদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা, সদস্য।
vi) জনাব মোঃ আবুল বাসার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা, সদস্য।
vii) অধ্যক্ষ, বিআইএমটি/আইএমটি, সদস্য-সচিব।

যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে প্রস্তাবিত/সুপারিশকৃত কমিটি সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনা করে বর্ণিত সমস্যা সমাধানে সুপারিশ প্রণয়ন করবেন।

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৬-০১-২০২২।
এ.কে. এম শামিমুল হক ছিদ্দিকী
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

নং-১৮.০০.০০০০.০২৪.০০১.৯৯.২২- ১৬ তারিখ: ০৬-০১-২০২২।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
২) সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪) মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৫) চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬) যুগ্মসচিব, জাহাজ অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৮) অধ্যক্ষ, বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, (বিআইএমটি), সোনাকান্দা, নারায়নগঞ্জ-১৪৩০।
৯) সিঃ এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থা-১ , নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

০৬/০১/২২
(মোহাঃ আমিনুর রহমান)
উপসচিব
ফোন : ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd